# গাজীপুর সিটি কর্পোরেশন
## নগর ভবন
### প্রশাসন শাখা
gcc.gov.bd

মুজিব বর্ষ ১০০

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৪.১৯.০০১.২০-৪৫২/১ তারিখঃ ২৭.১২.২০২০খ্রিঃ

**গাজীপুর সিটি কর্পোরেশনের ২৭.১২.২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিষদের ২০তম মাসিক সভার কার্যবিবরণী ঃ-**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম<br>মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর। |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, গাজীপুর সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | ঃ | ২৭.১২.২০২০ খ্রিঃ, রোজ রবিবার। |
| সভার সময় | ঃ | বেলা ১১:০০ ঘটিকা। |

**সভায় উপস্থিত/অনুপস্থিত কাউন্সিলরবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"**

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্য সূচীর আলোকে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় ঃ-

আলোচ্যসূচী -০১ ঃ বিগত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|---|
| ০১. | সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে গাজীপুর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আমিনুল ইসলাম বিগত মাসিক সভার কার্যবিবরণী সভায় পড়ে শুনান। | বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে উহা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব<br>গাজীপুর সিটি কর্পোরেশন |

আলোচ্যসূচী -০২ ঃ চলমান বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের বিষয়ে আলোচনা ঃ-

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০২ | ক) মাননীয় মেয়র মহোদয় সভায় জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন ডিপিপি প্রকল্পের মাধ্যমে এবং JICA ও CRDP-II প্রকল্পের মাধ্যমে ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ , ২০২০-২০২১ অর্থ বৎসরে গৃহিত উপ-প্রকল্পের রাস্তা এবং ড্রেন নির্মানের কাজ চলমান আছে। মাননীয় প্রধান মন্ত্রীর একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী গাজীপুর সিটি কর্পোরেশনের উন্নয়ন মূলক কাজগুলি পরিকল্পিতভাবে বাস্তবায়ন করতে হবে এবং সেই আলোকেই প্রতিটি রাস্তা আমি সরেজমিনে পরিদর্শন করে আগামী প্রজন্মের জন্য একটি বাসযোগ্য সিটি গড়ে তোলার লক্ষ্যে জনগনের সাথে আলোচনার প্রেক্ষিতে যতটুকু সম্ভব প্রশস্ত করে রাস্তা নির্মাণ কার্য্যক্রম চলমান আছে এবং একইসাথে ড্রেনগুলো যাতে করে সঠিকভাবে নেটওয়ার্কিং এর মাধ্যমে এবং কার্যকর ভাবে নির্মাণ করা যায় সে বিষয়েও যত্ন সহকারে নির্মান কাজ পরিচালনা করা হচ্ছে। সিটি নাগরিকদের প্রথম দিকে অর্থাৎ নির্মাণকালীন সময়ে একটু কষ্ট হলেও রাস্তা এবং ড্রেন নির্মাণ হওয়ার পর নাগরিকদের আর কোন কষ্ট থাকবে না। | ২ (ক) চলমান ডিপিপি এর কাজগুলো গুনগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং জোনের নির্বাহী প্রকৌশলীদেরকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। |

আলোচ্যসূচী -০৩ ঃ রাজস্ব বিষয়ক আলোচনা :-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| রাজস্ব বিভাগের কাজের গতিশীলতা এবং ধারাবাহিকতা বজায় রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা মতামত প্রকাশ করেন যে, রাজস্ব বিভাগের কর্মকর্তা কর্মচারীদের আন্তরিকতার কারণে ২০১৯-২০২০ অর্থ বছরের তুলনায় ২০২০-২০২১ সনের নভেম্বর মাস পর্যন্ত আদায় বেশি হওয়ার কারণে নগর ভবনসহ সকল অঞ্চলের রাজস্ব বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগনকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অদ্যকার সভার সভাপতি কর্তৃক মাননীয় মেয়র মহোদয়ের প্রতি ধন্যবাদ জ্ঞাপন ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-<br><br>০১. কর আদায়ের এ ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।<br>০২. শ্রেণী ভিত্তিক ভাবে আবাসিক, বাণিজ্যিক, শিল্প এবং সরকারী আধাসরকারী প্রতিষ্ঠান উল্লেখ করে দাবীর তথ্য দিতে হবে।<br>০৩. ২০২০-২০২১ অর্থ বছরের যে সকল লাইসেন্স এ পর্যন্ত নবায়ন হয়নি সেগুলো নোটিশ দিয়ে প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করে অবশিষ্ট লাইসেন্স নবায়ন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>নিম্নে লাইসেন্স ও কর আদায় সংক্রান্ত দাবী ও আদায়ের পরিমান ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরের দেখানো হলোঃ | প্রধান রাজস্ব কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন। |

ক) কর আদায় পর্যালোচনাঃ (২০১৯-২০২০)

| অঞ্চল | দাবী | মোট |
|---|---|---|
| ১ | ২০,৭৩,৬৩,৮০৭/- | ১৭,০৮,৯৩,৬৫১/- |
| ২ | ৪,৮২,৭৫,৭৮৭/- | ১,১৬,৭৪,২২২/- |
| ৩ | ৮,০৪,৯৪,৯২৫/- | ৫,৫৩,৭৩,৬৩৯/- |
| ৪ | ৯,৪১,৮২,৬৮৪/- | ৫,৬২,৮৩,১৬৩/- |
| ৫ | ৬,৮৪,৭২,৩৮৬/- | ৩,২৫,৫৯,৫২৬/- |
| ৬ | ৮,৫০,০০,০০০/- | ৮,১৫,১২,৩৬৯/- |
| ৭ | ১,৬৩,৭৫,৫৫০/- | ৭,২৯,১৮,৭১৪/- |
| ৮ | ১৩,০০,৬৩,৬৪২/- | ৯,৬৫,৪০,৬৭৩/- |
| | মোট=৮৩,৫৬,৩০,১২৩/- | ৫৭,৪৩,৭৯,৭৭৩/- |

খ) নভেম্বর/২০২০ পর্যন্ত দাবী ও আদায় (২০২০-২০২১)ঃ

| অঞ্চল | মোট দাবী | | | আদায় |
|---|---|---|---|---|
| | চলতি | বকেয়া | মোট | মোট |
| ১ | ১৯,১৪,৬২,৯৯০/- | ৩,৬৪,৭০,১৫৬/- | ২২,৭৯,৩৩,১৪৬/- | ১৭,৫২,১৬,৫৩০/- |
| ২ | ৩,৮৩,২২,৪২৩/- | ২,৫৮,০৩,৯৭৭/- | ৬,৪১,২৬,৪০০/- | ১,২০,১৭,৪৪৩/- |
| ৩ | ৬,৫০,০০,০০০/- | ২,৫১,২১,২৮৬/- | ৯,০১,২১,২৮৬/- | ৫,৮৯,৯০,৮৫৫/- |
| ৪ | ১৬,৪৩,১২,৬৪৮/- | ৪,৭৯,৭৬,২৫৩/- | ২১,২২,৮৮,৯০১/- | ৪,৫৫,৬৬,৪১৩/- |
| ৫ | ৩,২৫,৫৯,৫২৬/- | ১৭,৩৩,১৬৫/- | ১১,৪২,৯২,৬৯১/- | ৫,৪২,৬২,৫৮৮/- |
| ৬ | ২৫,৩৭,৭৯,০৮৩/- | ৩৭,৮৭,৬৩১/- | ২৫,৭২,৬৬,৭৪৯/- | ১০,০৯,০৯,৪২৯/- |
| ৭ | ৯,২৫,৩৭,২০৬/- | ৯,০৮,৫৬,৮৩৬/- | ১৮,৩১,৯৪,০৪২/- | ৯,২১,৬৫,১৫৪/- |
| ৮ | ২৬,৯৯,৩২,৪০৯/- | ৩,৩৫,২২,৯৬৯/- | ৩০,৩৪,৫৫,৩৭৮/- | ১২,৬১,৪৮,০৭০/- |
| মোট= | ১,১০,৭৯,০৬,২৮৫/-, | ৩৪,৪৯,৭২,২৭৩/- | ১,৪৫,২৮,৭৮,৫৫৮/- | ৬৬,৫২,৬৬,২০৯/- |

গ) লাইসেন্স সংক্রান্ত বিষয়ক আলোচনাঃ
২০১৯-২০২০ অর্থ বছরের লাইসেন্সের দাবী ও আদায়

| অঞ্চল | | দাবী(টাকা) | আদায় (টাকা) |
|---|---|---|---|
| ১ | শিল্প | ৪০০৪০০০০/- | ৩৭১৫৯৯৪৫/- |
| | বাণিজ্যিক | | |
| ২ | শিল্প | ৭০০০০০/- | ৬৮৮২০৪/- |
| | বাণিজ্যিক | ৩৫০০০০০/- | ৩৪১৮৭৪৬/- |
| ৩ | শিল্প | ১৫০০০০০০/- | ১৯৬২১৩৬৬/- |
| | বাণিজ্যিক | | |
| ৪ | শিল্প | ১১১০০০০০/- | ১২৬৮৪৫৪৪/- |
| | বাণিজ্যিক | | |
| ৫ | শিল্প | ২০০০০০০/- | ১৪৩৫২৫৮/- |
| | বাণিজ্যিক | ৪৫০০০০০/- | ৩৮১৩৭৯০/- |
| ৬ | শিল্প | ৩০০০০০০/- | ২২০৮৩৫৩/- |
| | বাণিজ্যিক | ১৪০০০০০০/- | ১৩৭৩৩০০৬/- |
| ৭ | শিল্প | ২৬৪০০০০/- | ১৮৭৪৯৫৮/- |
| | বাণিজ্যিক | ৯০৫৮০০০/- | ৭৮৩০৪৮৪/- |
| ৮ | শিল্প | ১০০০০০০০/- | ৮২১০৫৬২/- |
| | বাণিজ্যিক | ১০০০০০০০/- | ৮২১০৫৬২/- |
| সর্বমোট | শিল্প ও বাণিজ্যিক | ১২৫৫৪০০০০/- | ১২০৮৯২৮০৫/- |

গ) লাইসেন্স সংক্রান্ত বিষয়ক আলোচনাঃ
২০২০-২০২১ অর্থ বছরের নভেম্বর পর্যন্ত লাইসেন্সের দাবী ও আদায়

| অঞ্চল | | দাবী(টাকা) | আদায় (টাকা) |
|---|---|---|---|
| ১ | শিল্প | ৭১৩৪৬০০/- | ৪৭১৫৯২৯/- |
| | বাণিজ্যিক | ৩৪৭৮৫৪০০/- | ১৮২৩৩৬২৪/- |
| ২ | শিল্প | ১০০০০০০/- | ৩৩৬১১৭/- |
| | বাণিজ্যিক | ৪০০০০০০/- | ২০৩৮৫৩৭/- |
| ৩ | শিল্প | ৬০০০০০০/- | ১৭৩০৩৩৫/- |
| | বাণিজ্যিক | ১৪০০০০০০/- | ৫৩০৩২৫১/-/- |
| ৪ | শিল্প | ১০০০০০০/- | ৩৮১০৬৮/- |
| | বাণিজ্যিক | ১২০০০০০০/- | ৭৮৯৮০৫৬/- |
| ৫ | শিল্প | ২০০০০০০/- | ১১৫৭৭৫৯/- |
| | বাণিজ্যিক | ৪৫০০০০০/- | ২৬৯৯০৯৬/- |
| ৬ | শিল্প | ৩৫০০০০০/- | ১৭৮৭৮৬৫/- |
| | বাণিজ্যিক | ১৪৫০০০০০/- | ১০০৯৮৩১৯/- |
| ৭ | শিল্প | ৩৪০৯০১৫/- | ১৩৮০৩২৫/-/- |
| | বাণিজ্যিক | ১০১৮৫৫১৬/- | ৪৬৭২৪৩১৫/- |
| ৮ | শিল্প | ১১৭৮৯৪৩৮ | ৫৩৫৭০৪০/- |
| | বাণিজ্যিক | ১১৭৮৯৪৩৮/-/- | ৫৩৫৭০৪০/- |
| মোট | শিল্প | ৩৫৮৩৩০৫৩/- | ১৬৮৪৬৪৩৮/- |
| | বাণিজ্যিক | ১০৫৮৬০৩৫৪/- | ৯৮৩৫২২৩৮/- |

### ঘ) এক নজরে বিভিন্ন অঞ্চলের কর পর্যালোচনা সভার তথ্য

| অঞ্চল | প্রাথমিক ধার্যকৃত কর (টাকা) | আপীল নিস্পত্তিকৃত কর (টাকা) |
|---|---|---|
| ১ | ৪৫৪৩৪৪৬ | ২৪৪৬২৭০ |
| ২ | --- | --- |
| ৩ | --- | --- |
| ৪ | ১৮৪৪৮৬৯ | ৯২৮৭৪১ |
| ৫ | ৩১৫৯৪০ | ৬২৬৬০৯০ |
| ৬ | --- | --- |
| ৭ | ৮৪৯৪৪৫৯ | ৪২২৪৪৫১ |
| ৮ | ৩২২৮৮৩১৮ | ২১১৮৯৮ |
| সর্বমোট= | ৪৭৪৮৭০৩২ | ১৪০৭৭৪৫০ |

০৫. বর্জ্য ব্যবস্থাপনা প্রসঙ্গে আলোচনা;

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/বিভাগ |
|---|---|---|
| সভাপতি মহোদয় সভাকে জানান যে, সিটি কর্পোরেশন এলাকায় বর্জ্য ফেলার কোন জায়গা নেই। ফলে ময়লা আবর্জনা নিয়মিত পরিস্কার করে তা নির্দিষ্ট স্থানে রাখা যাচ্ছেনা। তিনি পরিস্কার পরিচ্ছন্ন থাকার জন্য স্কুল কলেজ মসজিদ মাদ্রাসার মাধ্যমে সচেতনতা সৃষ্টি করে রোগ ব্যাধি থেকে রক্ষা পাওয়ার পরামর্শ প্রদান করেন। এ প্রসঙ্গে তিনি আরও জানান যে, বর্ষা মৌসুম আসার পূর্বেই গভীর ড্রেন সমূহ পরিস্কার করতে হবে। অন্যথায় বৃষ্টির পানিতে ড্রেন ভরে যাবে। তিনি নিয়মিত মশার ঔষধ ছিটানোর জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করেন। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা জানান যে, প্রশিক্ষিত কর্মী দ্বারা মশার ঔষধ ছিটানোর প্রস্তাব করেন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:-<br>ক) বর্ষা মৌসুমের পূর্বে গভীর ড্রেনসমূহ পরিস্কার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) নিয়মিত মশার ঔষধ ছিটানো এবং মশক নিধন কাজে নিয়োজীত কর্মীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) ডাম্পিং স্টেশন স্থাপনের জন্য জমি নির্বাচনের জন্য কাউন্সিলরগনকে অনুরোধ করা হয়। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা/ওয়ার্ড কাউন্সিলরগন |
| বিবিধ-০১: জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর-এর গত ১৪.১২.২০২০খ্রিঃ তারিখের ৫১.০১.৩৩০০.০০০.৪১.০১৭.২০-৮৪১নং স্মারকের মাধ্যমে ২০২০-২০২১ অর্থ বছরে গাজীপুর সিটি কর্পোরেশনের গরীব ও দুঃস্থ এবং ষাটোর্ধ ব্যক্তি ও প্রতিবন্ধীদের মধ্যে বিতরণের নিমিত্তে গাজীপুর সিটি কর্পোরেশনের অনুকুলে ২৬,২২০ পিস কম্বল উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনা অনুযায়ী সাধারন ওয়ার্ড ও সংরক্ষিত ওয়ার্ডসহ মোট ৭৬ জন কাউন্সিলরদের মধ্যে ২৬,২২০ পিস কম্বল বিতরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | সচিব গাজীপুর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| বিবিধ-০২: সভার সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাকে জানান যে, বিশ্বে আজ করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারী আকার ধারণ করেছে। বাংলাদেশের মানুষও করোনা ভাইরাসে আক্রান্ত হচ্ছে। বিশেষ করে গাজীপুর জেলা শিল্প নগরী হওয়ায় গাজীপুর-এর সংক্রমণ বেড়েই চলেছে। ইতোমধ্যেই গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কোভিড-১৯ মহামারি মোকাবেলায় জনগণের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিকল্পে জাতীয় ভ্যাকসিন প্রয়োগ পরিকল্পনা গ্রহণ করেছে। এ পরিপ্রেক্ষিতে জাতীয় পর্যায়ে সমন্বিত একটি তালিকা তৈরি করার জন্য উদ্দিষ্ট জনগোষ্ঠির তালিকা প্রস্তুত করার জন্য সিটি কর্পোরেশনকে পত্র দিয়েছে। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে গাজীপুর সিটি কর্পোরেশনের সকল আঞ্চলিক অফিস, সকল বিভাগ ও শাখায় কর্মরত কর্মকর্তা কর্মচারীদের নামের তালিকা প্রস্তুত করে স্বাস্থ্য বিভাগে জমা প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ডাঃ মোহাম্মদ রহমত উল্যাহ্ স্বাস্থ্য কর্মকর্তা |
| বিবিধ-০৩ঃ স্থানীয় সরকার বিভাগের গত ০৩ জানুয়ারি ২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০. ০৭১.১৮.০১৯.২০১৩.৮৪৪নং স্মারকের মাধ্যমে জনাব মোঃ শামীম সিদ্দীক, প্রোপাইটর, মুহিদ এন্টারপ্রাইজ, গাজীপুর সিটি কর্পোরেশনের (অঞ্চল-০২) গাছা প্রকল্প নং-জি.সি.সি-তঽ/০২/১৬-১৭/(০৫) প্যাকেজ নং-০৫, কলমেশ্বর সিদ্দিকীয়া জামে মসজিদ রোড আরসিসি ড্রেন, রাস্তা সিসি করণ কাজের কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার-এর প্রকল্পের কাজটি লটারিতে পেয়ে তিনি সুষ্ঠুভাবে ০৩(তিন) বছর পূর্বে সম্পন্ন করেছেন, যাহা এখনও ১০০% বিদ্যমান আছে। দীর্ঘদিন যাবত বিল না পাওয়ার কারণে তিনি আরও দুইটি প্রকল্পের কাজ শেষ করতে পারছেন না। উক্ত প্রকল্পের আওতায় তিনি ব্যাংক লোন নিয়েছেন। তিনি গাজীপুর সিটি কর্পোরেশনের জোন-২, প্যাকেজ নম্বর-৫ প্রকল্পের চুড়ান্ত বিল ১৮,৬৮,৮১৯/-(আঠার লক্ষ আটষট্টি হাজার আটশত উনিশ টাকা এবং প্যাকেজ নম্বর-১৫ প্রকল্পের চুড়ান্ত বিল ৯,৭০,০০০/- (নয় লক্ষ সত্তুর হাজার) টাকার বিল পাওয়ার বিষয়ে তিনি স্থানীয় সরকার বিভাগে আবেদন করেছেন। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে আবেদনের প্রেক্ষিতে সুস্পষ্ট মতামত প্রদানের বিষয়ে তদন্ত করার জন্য নিম্নরুপভাবে একটি তদন্ত কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-<br><br>০১.জনাব কে,এম, জহুরুল আলম, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-০৩ -আহবায়ক<br>০২.জনাব এ,কে,এম,হারুনুর রশীদ, নির্বাহী প্রকৌশলী, অঞ্চল-০৮ - সদস্য<br>০৩.জনাব মোঃ রাকিবুল হাসান রাসেল, সহকারী প্রকৌশলী, অঞ্চল-০৪,-সদস্য সচিব | |
| বিবিধ-০৪ঃ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের প্রবিধি-৩ অধিশাখার গত ১২.১০.২০২০খ্রিঃ তারিখের ০৭. ০০.০০০০.১৭৩. ৬৬. ০৫৯.১৫(অংশ-১)-৯৩নং স্মারকের মাধ্যমে বিভাগীয় শহর এবং অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় কর্মরত দৈনিক ভিত্তিক শ্রমিকের মজুরীর হার পুনঃ নির্ধারণের জন্য পত্র দেয়া হয়। পরবর্তীতে স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-২ শাখার গত ২ নভেম্বর ২০২০খ্রিঃ তারিখের ৪৬. ০০. ০০০০. ০৭১.১৮.০৩৫.২০১৫-৬৯০নং স্মারকের মাধ্যমে দৈনিক ভিত্তিক শ্রমিকের মজুরী পুনঃ নির্ধারণের জন্য পুনরায় পত্র দেয়া হয়। যেহেতু ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ব্যতিত দেশের অন্যান্য সিটি কর্পোরেশনেও দৈনিক ভিত্তিক শ্রমিকের মজুরির হার পুনঃ নির্ধারণ করা হয় নাই। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে দৈনিক ভিত্তিক শ্রমিকের মজুরির হার পুনঃ নির্ধারণের বিষয়ে নিম্নোক্ত ভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-<br><br>১. প্রধান নির্বাহী কর্মকর্তা,জিসিসি .......আহবায়ক<br>২. সচিব, জিসিসি .........................সদস্য<br>৩.জনাব মোঃ দেলোয়ার হোসেন দুলাল, কাউন্সিলর, ওয়ার্ড নং-১০-সদস্য<br>৪.প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,জিসিসি-সদস্য সচিব | |

| | | |
|---|---|---|
| বিবিধ-০৫ঃ সভাপতি মহোদয় সভাকে জানান যে, গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায় সরকারি সহায়তায় বর্তমানে ব্যাপক উন্নয়ন কাজ চলমান আছে। তারই ধারাবাহিকতায় রাস্তার উন্নয়ন, ড্রেন প্রশস্ত করণের কাজে করতে হচ্ছে। ফলে বিভিন্ন স্থানে প্রয়োজন অনুযায়ী বাড়ীঘর, স্থাপনা, দোকানপাট ইত্যাদি ভাংতে হচ্ছে। এতে উক্ত স্থাপনার এবং জায়গার ক্ষতিপূরণ দিতে হচ্ছে। উক্ত ক্ষতিপূরনের জন্য বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান আবেদন করেছেন। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা জায়গা ও বাড়ীঘর, স্থাপনা ভাংগার ক্ষতিপূরণ পাওয়ার জন্য মাননীয় মেয়র বরাবর প্রদত্ত আবেদনসমূহ সভায় উপস্থাপন করেন। ডিসেম্বর/২০২০ খ্রিঃ তারিখে ক্ষতিপূরণ বাবদ ৬,৪২,৫০,০০০/-(ছয় কোটি বিয়াল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং জানুয়ারি/২০২১খ্রিঃ তারিখে ক্ষতিপূরণ বাবদ ৭,৮৬,৭০,০০০/-((সাত কোটি ছিয়াশি লক্ষ সত্তুর হাজার) টাকা বিভিন্ন ব্যক্তিকে প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনা করা হয়েছে। আলোচনান্তে গাজীপুর সিটি কর্পোরেশনের বিভিন্ন রাস্তা ঘাটের উন্নয়ন ও ড্রেনের সম্প্রসারণের জন্য বিভিন্ন ব্যক্তির জায়গা ও বাড়ী ঘরের ক্ষতিপুরণ বাবদ ডিসেম্বর/২০২০ খ্রিঃ তারিখে ৬,৪২,৫০,০০০/-(ছয় কোটি বিয়াল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা এবং জানুয়ারি/২০২১খ্রিঃ তারিখে ৭,৮৬,৭০,০০০/-((সাত কোটি ছিয়াশি লক্ষ সত্তুর হাজার) টাকা ক্ষতিপূরণ প্রদানের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা গাজীপুর সিটি কর্পোরেশন। |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.১২.২০২০

মোহাম্মদ জাহাঙ্গীর আলম
মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৪.১৯.০০১.২০-৪৬২/১

তারিখঃ ২৭/১২/২০২০খ্রিঃ

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ;**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৩. প্রধান রাজস্ব কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৪. প্রধান সম্পত্তি কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৫. প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৬. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৭. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৮. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
৯. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১০. নির্বাহী প্রকৌশলী (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
১১. মেয়র মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. প্রধান নির্বাহী কর্মকর্তা-এর ব্যক্তিগত সহকারী, গাজীপুর সিটি কর্পোরেশন(প্রধান নির্বাহী কর্মকর্তা-এর অবগতির জন্য)।
১৩. জনাব ..................................................................
১৪. অফিস কপি।

২৭.১২.২০২০

মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন।